বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নম্বর ৩৫ তারিখ : অগ্রহায়ণ ০২, ১৪৩২ / নভেম্বর ১৭, ২০২৫

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার পত্র নম্বর ১৭, তারিখ: অক্টোবর ০৭, ২০২৪ এবং এতদ্‌সংক্রান্ত অন্যান্য এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা হলো।

০২। হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা পরিশোধের ক্ষেত্রে বরফ আচ্ছাদনের হার হিসাবায়নের বিষয়ে স্পষ্ট করার লক্ষ্যে সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, এফই সার্কুলার পত্র নম্বর ১৭/২০২৪ এ উল্লিখিত Gross Weight হিসাবায়নে কেবল Glaze-সহ মাছের ওজন বুঝাবে।

০৩। হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা/রপ্তানি ভর্তুকি পরিশোধ সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের প্রযোজ্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোন: ৯৫৩০১২৩